গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

নং-২৪.০২.০০০০.০০১.১১.০০১.১৮ (অংশ-২)- ৬৭২

তারিখ: ২৮ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়াধীন বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ও এর আওতাধীন বিভিন্ন কার্যালয় এবং শিক্ষা প্রতিষ্ঠান সমূহ এর জন্য নিম্নলিখিত রাজস্ব খাতভূক্ত সরাসরি পূরণযোগ্য স্থায়ী ও অস্থায়ী শূণ্য পদের বিপরীতে বিধি মোতাবেক অস্থায়ীভাবে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তাধীনে আগ্রহী স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রঃ নং	পদের নাম, বেতন স্কেল, ২০১৫ ও গ্রেড	পদের সংখ্যা ও প্রকৃতি	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে জেলার প্রকৃত স্থায়ী নাগরিকগণ আবেদন করতে পারবেন
০১	উচ্চমান সহকারি ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪)	২টি (অস্থায়ী)	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী; এবং খ) অফিসের কাজে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্মঅভিজ্ঞতা সহ কম্পিউটার চালনায় বাস্তব জ্ঞান।	ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, মাদারীপুর, রাজবাড়ি, শরিয়তপুর, ময়মনসিংহ, নেত্রকোনা, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষীপুর নোয়াখালী, রাজশাহী, জয়পুরহাট, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, কুড়িগ্রাম, নীলফামারী, খুলনা, ঝিনাইদহ, বাগেরহাট, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ভোলা, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ।
০২	আর্টিষ্ট ডিজাইনার ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪)	২টি (অস্থায়ী)	কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে ডিপ্লোমা। অথবা কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে মেকানিক্যাল ট্রেড কোর্স পাস সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫(পাঁচ) বছরের কর্ম অভিজ্ঞতা।	
০৩	টেকনিক্যাল এসিস্ট্যান্ট ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	৫০টি (স্থায়ী-৪২, অস্থায়ী-৮)	কোন স্বীকৃত ইন্সটিটিউট হতে প্রথম বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাস।	
০৪	লাইব্রেরি এ্যাস্ট্যিান্ট ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	০১ (এক) টি (অস্থায়ী)	কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স পাস বা গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা।	
০৫	অফিস সহায়ক ৮২৫০-২০১০০/- গ্রেড-২০	৮(আট) টি (স্থায়ী)	অন্যূন অষ্টম শ্রেণী বা সমমান পাশ এবং অবশ্যই শারিরীকভাবে যোগ্যতা থাকতে হবে।	ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, রাজবাড়ি, ময়মনসিংহ, নেত্রকোনা, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, রাঙ্গামাটি, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, কুড়িগ্রাম, ঠাকুরগাঁও, ঝিনাইদহ, নড়াইল, মেহেরপুর, ঝালকাঠি, বরগুনা, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ।

২. এ বিজ্ঞপ্তির অধীনে আগ্রহী প্রার্থীগণকে ০৫/৩/২০১৯ তারিখ থেকে ১৯/৩/২০১৯ইং তারিখ পর্যন্ত বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অনলাইনে দরখাস্ত করতে হবে। সে লক্ষ্যে http://dotr.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনপত্র পুরণ করে Submit করার পর Applicant কপি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।

৩. আবেদনপত্রে ছবি 300x300 pixel(width x height) and size not more than 100 KB এবং স্বাক্ষর 300x80 pixel(width x height) and file size not more than 60 KB মধ্যে হতে হবে।

৪. সফলভাবে দাখিলকৃত আবেদনকারীগণকে যে কোন টেলিটক মোবাইল নম্বর থেকে আবেদনের ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে ১-৪ ক্রমিকে বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য সার্ভিস চার্জসহ ১১২.০০ (এক শত বার) টাকা এবং ৫নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৫৬.০০ (ছাপান্ন) টাকা নিম্নলিখিতভাবে পরিশোধ করতে হবে-

1st SMS format :
DOTR<space>USER_ID and send to 16222
Exp. DOTR M27313 and send to 16222
2nd SMS format :
DOTR<Space>YES<space>PIN ans send to 16222

৫. অনলাইনে আবেদনপত্র দাখিল ও ফি প্রদানের পর প্রাপ্ত UserID এবং password সংরক্ষণ করতে হবে।

৬. এতিম/মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/আনসার গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য ও সাধারণ প্রার্থীদের সরকারী সার্কুলার মোতাবেক কোটা অনুসরণ করা হবে।

৭. এতিম ও শারিরীক প্রতিবন্ধীরা সকল জেলা থেকে আবেদন করতে পারবেন।

৮. ১৯/৩/২০১৯ইং তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর এর মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও এতিম ও শারিরীক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের নাতী/নাতনীদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ (ত্রিশ) বৎসর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৯. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদন করতে হবে। অনুমতির কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

১০. লিখিত ও মৌখিক পরীক্ষার সময় ও স্থান এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে এবং প্রবেশপত্র এসএমএস এ উল্লেখিত লিংক থেকে ডাউনলোড করে নিতে হবে। অনলাইন ছাড়া আলাদাভাবে কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

১১. ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল মূল সনদপত্র প্রদর্শন করতে হবে এবং সকল সনদের ফটোকপি করে এক সেট দাখিল করতে হবে।

১২. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১৩. কর্তৃপক্ষ যে কোন পর্যায়ে নিয়োগ বিজ্ঞপ্তির শর্তের সাথে সাংঘর্ষিক আবেদনপত্র বাতিল এবং পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি কিংবা নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৬/২/১৯

(লায়লা ইয়াফির)
উপ-পরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে।